



পত্র নং- বাঃ স্কাঃ (প্রশাঃ ২২৬৪)/৭৭৬ (২০)/১৮

তারিখ : ২৫ ভাদ্র ১৪২৫
০৯ সেপ্টেম্বর ২০১৮

নিয়োগপত্র

বাংলাদেশ স্কাউটস-এর স্বার্থে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৯ম গ্রেড অনুসারে টাকা ২২০০০-৫৩০৬০ বেতনক্রম ও তৎসহ সংস্থা কর্তৃক প্রদেয় অন্যান্য ভাতায় নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে তালিকায় বর্ণিত ব্যক্তিদের সহকারী পরিচালক পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	নাম, পিতা-মাতার নাম ও স্থায়ী ঠিকানা	ক্রমিক	নাম, পিতা-মাতার নাম ও স্থায়ী ঠিকানা
১।	জনাব মোঃ মাহফুজুর রহমান পিতা-জনাব মোঃ আব্দুর রাজ্জাক মাতা-জনাব মাতোয়ারা বেগম গ্রাম-দাউদপুর, ডাকঘর-কাটলাহাট-৫২৬৬ বিরামপুর, জেলা-দিনাজপুর	২।	জনাব শেখ মোঃ রিপন পিতা-জনাব আঃ মালেক মিয়া মাতা-জনাব নুরজাহান বেগম গ্রাম-পশ্চিম বয়সা, ডাকঘর-বাকাই-৮২৩১ উপজেলা-গৌরনদী, জেলা-বরিশাল

তাদেরকে আগামী ০১ অক্টোবর ২০১৮ তারিখের মধ্যে বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতর, ৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকায় যোগদান করতে হবে। যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

নিয়োগ শর্তাবলী :

- ১। নির্ধারিত তারিখ ও সময়ে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- ২। যোগদানপত্রের সাথে সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূল কপি জমা দিতে হবে;
- ৩। চাকুরীতে যোগদানের সময় শারীরিক ও মানসিক সুস্থতা সম্পর্কে সিভিল সার্জন, ঢাকা-এর নিকট থেকে মেডিকেল সার্টিফিকেট দাখিল করতে হবে;
- ৪। বাংলাদেশ স্কাউটস-এর “চাকুরী বিধি” সম্পূর্ণভাবে মেনে চলতে বাধ্য থাকবেন মর্মে যোগদান পত্রে উল্লেখ করতে হবে;
- ৫। নিয়মিত প্রশিক্ষণ গ্রহণের পর তাঁকে দেশের যে কোনো জেলায় পদায়ন করা হবে;
- ৬। অতীত কার্যকলাপ সম্পর্কে পুলিশ বিভাগের মতামত গ্রহণ করা হবে;
- ৭। ০১ (এক) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরীতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই চাকুরী হতে অপসারণ করা যাবে;
- ৮। প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে চাকুরীতে স্থায়ী করা হবে;
- ৯। চাকুরীতে যোগদানের সময় তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন;
- ১০। তাঁর কাজের জন্য তিনি বাংলাদেশ স্কাউটস-এর নির্বাহী পরিচালক-এর নিকট দায়ী থাকবেন।

(আরশাদুল মুকাদ্দিস)

নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ স্কাউটস

বিতরণ : কার্যার্থে :

- ১। তালিকায় বর্ণিত ব্যক্তিবর্গ;

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;

সদয় জ্ঞাতার্থে :

- ১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
- ২। কোষাধ্যক্ষ, বাংলাদেশ স্কাউটস;
- ৩। জাতীয় কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস।